



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.৮৬২.১৫.২০৬

তারিখ: ৩০.০৪.২০২৬ খ্রি:

বিষয়: জনাব মোশারেফ হোসেন (সোহাগ), হিসাব সহকারী এর দায়দেনা সংক্রান্ত তথ্য প্রেরণ।

সূত্র: ৪৭.৬২.৭৯০০.১০০.১৮.২৩৭.২১.২১১ তারিখ: ২৮.০৪.২০২৬ খ্রি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র আওতাভুক্ত পিরোজপুর জেলাধীন মঠবাড়িয়া উপজেলার হিসাব সহকারী (ইরেসপো) জনাব মোশারেফ হোসেন (সোহাগ) কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে স্বেচ্ছায় অব্যহতি গ্রহণ করেছেন এবং গ্র্যাচুইটি অর্থ প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

২। বর্ণিত কর্মচারীর স্বেচ্ছায় অব্যহতি গ্রহণ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য আপনার দপ্তরে কর্মকালীন নিয়োক্ত তথ্যসমূহ কর্মসূচি সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

ক) অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ এবং অনিয়মতান্ত্রিক ভাবে বিতরণের জন্য মাঠে বকেয়া (মেয়াদোত্তীর্ণ ও কিস্তি খেলাপী) ঋণ;

খ) সুফলভোগী হতে ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত অর্থ তার নিকট পাওনা বা হস্তমজুদ এবং

গ) অন্য কোন দায় দেনা।


৩০.০৪.২৬
এ.এস.এম. সোলায়মান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
মঠবাড়িয়া, পিরোজপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, মঠবাড়িয়া, পিরোজপুর।
২. উপপরিচালক, বিআরডিবি, পিরোজপুর।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।